অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/24/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকলের 'একটি আউটডোর অ্যাডভেঞ্চারের জন্য আপনার শট গ্রহণ করুন' শীর্ষক কোভিড-19 এর টিকা গ্রহণের পুরস্কারস্বরূপ সুইপস্টেকসবিজয়ীদের নাম ঘোষণা

436 জন নিউ ইয়র্কবাসী 2021 সালের ডিসেম্বরে কোভিড-19 এর টিকার প্রথম ডোজ গ্রহণ করার পরভ্রতেঅংশ নেন

গ্র্যান্ড প্রাইজের মধ্যে আজীবন মেয়াদের স্বাদুপানিতে মাছ ধরা ও শিকারের লাইসেন্স এবং ডিলাক্স সরঞ্জামের প্যাকেজ অন্তর্ভুক্ত রয়েছে

প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সবাই গাছের চারা, গিফট কার্ড, ও কনজার্ভেশনিস্ট ম্যাগাজিনের 'এক বছরের সাবস্ক্রিপশন পাবেন

গভর্নর ক্যাথি হোকল আজ 'একটি আউটডোর অ্যাডভেঞ্চারের জন্য আপনার শট গ্রহণ করুন' সুইপস্টেকস-এর বিজয়ীদের নাম ঘোষণা করেছেন। গত বছরের শেষদিকে চালু হওয়া এই কোভিড-19 এর টিকা গ্রহণের পুরস্কারস্বরূপ সুইপস্টেকস মাছ শিকারী, শিকারী, ও আউটডোর অভিজ্ঞতার প্রতি উৎসাহী অন্যান্যদের লক্ষ্য করে তৈরি করা পুরস্কারের প্যাকেজ কাজে লাগিয়ে আউটডোরে সময় কাটানো উপভোগ করা নিউ ইয়র্কবাসীদের মধ্যে টিকাগ্রহণের হার বৃদ্ধি করতে সাহায্য করেছে। এই সুইপস্টেকসে মোট 436 জন নিউ ইয়র্কবাসী অংশগ্রহণ করেছেন।

"কোভিড-19 মহামারী চলাকালীন সময়ে নিজেদেরকে ও অন্যদের সুরক্ষিত রাখার জন্য টিকা গ্রহণ করেছেন এমন নিউ ইয়র্কবাসীদের আমাদের এই অগ্রগতি নিয়ে অত্যন্ত গর্ববোধ করা উচিত," **বলেছেন গভর্নর হোকল**। "আমাদের টিকা গ্রহণকারী ব্যক্তিদের ইতোমধ্যেই চমকপ্রদ হারের সঙ্গে আরো কয়েকশ জন লোক যোগ হওয়া পুরো স্টেটের জন্য একটি জয় এবং এই দুর্দান্ত পুরস্কারগুলো ভাগ্যবান বিজয়ীদের জন্য একটি বাড়তি বোনাস। এই মহামারীর বিরুদ্ধে লড়াইয়ে টিকা হলো আমাদের সেরা হাতিয়ার, এবং যত বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসী টিকা গ্রহণ করবেন, তত দ্রুত আমরা পুনরুদ্ধারের দিকে এগিয়ে যেতে পারবো।"

স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) কমিশনার বাসিল সেগোস বলেন, "গভর্নর ক্যাথি হোকল কোভিড-19 মহামারী মোকাবেলা করা এবং আমাদের কমিউনিটি স্বাস্থ্যের সুরক্ষার প্রতি তীক্ষ্ণ দৃষ্টি নিবদ্ধ রেখেছেন। সুনির্দিষ্টভাবে আউটডোরে সময় কাটাতে ভালোবাসেন এমন প্রত্যেকের কাছে আবেদন তৈরি করার লক্ষ্যে নকশাকৃত আমাদের 'একটি আউটডোর অ্যাডভেঞ্চারের জন্য আপনার শট গ্রহণ

করুন' সুইপস্টেকসের মাধ্যমে লোকজনকে টিকা গ্রহণ করতে উৎসাহিত করার ক্ষেত্রে আমাদের দায়িত্বটুকু পালন করতে পেরে DEC গর্বিত। টিকা গ্রহণকারী অ্যাডভেঞ্চারকারীদের সংখ্যা বৃদ্ধির সাথে সাথে আমরা প্রতি বছরে নিউ ইয়র্কের প্রাকৃতিক সম্পদগুলোতে দর্শনার্থী বৃদ্ধি পেতে থাকবে বলে আশা করছি।"

ডিলাক্স প্যাকেজের গ্র্যান্ড প্রাইজ বিজয়ীরা আনুমানিক 2,000 ডলারের প্যাকেজ থেকে নিজেদের পছন্দ অনুযায়ী বেছে নেয়ার সুযোগ পাচ্ছেন। গ্র্যান্ড প্রাইজ বিজয়ীরা হলেন:

- গিনিস কাউন্টির লরা এম. স্বাদুপানিতে মাছ শিকারের প্রাইজ প্যাকেজটি নির্বাচন করেছেন, যেটিতে আজীবন মেয়াদের স্বাদুপানিতে মাছ শিকারের লাইসেন্স, মাছ শিকারের জন্য কায়াক, ভেস্ট, রড ও রিল অন্তর্ভুক্ত রয়েছে;
- চেমুং কাউন্টির রবার্ট টি. বোহান্টার প্রাইজ প্যাকেজ নির্বাচন করেছেন, যেটিতে আজীবন মেয়াদের শিকারের ও বোহান্টিং লাইসেন্স, উচ্চ মানের ক্রসবো প্যাকেজ অথবা ½ ডজন বোল্ট বা তীর সহ কমপাউন্ড বো প্যাকেজ, ল্যাডার ট্রি স্ট্যান্ড, সেফটি হার্নেস/ফল অ্যারেস্ট সিস্টেম, ও 10x42 বাইনোকুলার অন্তর্ভুক্ত রয়েছে;
- ওনোনডেগা কাউন্টির রায়ান ডব্লিউ. টার্কি হান্টার প্রাইজ প্যাকেজ নির্বাচন করেছেন, যেটিতে আজীবন মেয়াদের একটি স্পোর্টসম্যান লাইসেন্স, উচ্চ মানের গ্রাউন্ড ব্লাইন্ড, টার্কি শিকারের ভেস্ট, নকল মুরগীর জোড়া, শটগানের অপ্টিকাল সাইট, স্লেট কল, ও 10x42 বাইনোকুলার অন্তর্ভুক্ত রয়েছে; এবং
- অন্টারিও কাউন্টির গ্রেডন বি., ও ডাচেস কাউন্টির পল টি. উভয়েই রাইফেল শিকারী প্রাইজ প্যাকেজ নির্বাচন করেছেন। তাদের প্রত্যেকে আজীবন মেয়াদের স্পোর্টসম্যান লাইসেন্স, উচ্চ মানের রাইফেলস্কোপ, ল্যাডার ট্রি স্ট্যান্ড, সেফটি হার্নেস/ফল অ্যারেস্ট সিস্টেম, ও 10x42 বাইনোকুলার পাবেন।

পঁচিশ জন অংশগ্রহণকারী তাদের পছন্দ অনুযায়ী আনুমানিক 1,000 ডলার মূল্যের দ্বিতীয় স্তরের পুরষ্কার পাবেন:

- মাছ ধরা: স্বাদুপানিতে মাছ শিকারের বার্ষিক লাইসেন্স, মাছ শিকারের জন্য কায়াক, ভেস্ট, রড ও রিল;
- বোহান্টার: বার্ষিক শিকার এবং টির দ্বারা শিকারের লাইসেন্স, উচ্চমানের ক্রসবো বা কম্পাউন্ড বো প্যাকেজ সাথে আধা ডজন বোল্ট বা তীর, একটি ল্যাডার ট্রি স্ট্যান্ড, একটি নিরাপত্তা হার্নেস/ফল অ্যারেস্ট সিস্টেম, এবং 8x42 বাইনোকুলার;
- রাইফেল শিকারী: বার্ষিক শিকারের লাইসেন্স, উচ্চমানের রাইফেল স্কোপ, একটি ল্যাডার ট্রি স্ট্যান্ড, একটি নিরাপত্তা হার্নেস/ফল অ্যারেস্ট সিস্টেম, এবং একটি 8x42 বাইনোকুলার;
- টার্কি শিকারী: বার্ষিক শিকারের লাইসেন্স এবং টার্কি অনুমতি, উচ্চমানের গ্রাউন্ড ব্লাইন্ড, টার্কি শিকারের ভেস্ট, ফাঁকি মুরগির জোড়া, স্লেট কল, এবং 8x42 বাইনোকুলার;
- বার্ডার: 8x42 বাইনোকুলার, বার্ড ফিডার, পাখিকে খাওয়ানোর বিচি, এবং আই বার্ড নিউ ইয়র্ক পণ্য।

অংশগ্রহণকারীদের সবাই সারাটোগায় অবস্থিত DEC-এর কর্নেল উইলিয়াম এফ. ফক্স মেমোরিয়াল ট্রি নার্সারি (Colonel William F. Fox Memorial Tree Nursery) থেকে একটি গাছের চারা এবং তাদের পছন্দ অনুযায়ী হয় DEC-র কোনো ক্যাম্পগ্রাউন্ডে বিনামূল্যে রাত অতিবাহিত করার জন্য 25 ডলার মূল্যের একটি গিফট কার্ড অথবা বড় কোনো স্পোর্টিং পণ্যের খুচরা বিক্রেতার কাছে 25 ডলার মূল্যের একটি গিফট কার্ড পাবেন। সেইসাথে, অংশগ্রহণকারীরা DEC-এর *কনজার্ভেশনিস্ট* ম্যাগাজিনের এক বছরের সদস্যতা লাভ করবেন, যেটি বর্তমানের এটির প্রকাশনার 75তম বর্ষ উদযাপন করছে।

শিকারের লাইসেন্স ও সংশ্লিষ্ট যেকোনো বিশেষাধিকার (যেমন বোহান্টিং সংক্রান্ত বিশেষাধিকার) লাভ করার আগে গ্রহীতাকে অবশ্যই শিকারীর শিক্ষার কোর্স এবং বোহান্টার শিক্ষার কোর্স (বোহান্টার প্রাইজ প্যাকেজ বেছে নিলে) সম্পন্ন করতে হবে এবং কোর্স সম্পন্ন করার সনদ দেখাতে হবে। সকল যোগ্য, টিকাপ্রাপ্ত অংশগ্রহণকারীকে নিউ ইয়র্ক স্টেটে শিকারের অথবা স্বাদু পানিতে মাছ শিকারের লাইসেন্স পাওয়ার জন্য আবশ্যক শিকারীদের শিক্ষার কোর্স ও অন্যান্য নিয়মাবলী সহ প্রযোজ্য শর্তগুলো অবশ্যই মেনে চলতে হবে। শিকার ও মিঠাপানিতে মাছ ধরার লাইন্সেসের ব্যাপারে আরো তথ্যের জন্য, ভিজিট করুন https://www.dec.ny.gov/permits/6094.html এবং https://www.dec.ny.gov/permits/6091.html।

টিকার লভ্যতা

যুক্তরাষ্ট্রে বসবাসকারী পাঁচ বছর ও তারবেশি বয়সী প্রত্যেক ব্যক্তি টিকা গ্রহণ করার উপযুক্ত। নিউ ইয়র্কবাসীদের উচিত যথাস্থানে মাস্ক পরিধান করা এবং অন্য সকল স্বাস্থ্য সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করা অব্যাহত রাখা। প্রতিটি টিকা সম্পর্কে টিকা গ্রহীতা ও কেয়ারগিভারদের জন্য FDA-এর তথ্যপত্র এখানে পাওয়া যাবে: ফাইজার-বায়োএনটেক /কোমিনার্টি; মডার্না; জনসন এন্ড জনসন।

ফার্মেসি, স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ক্লিনিক, ফেডারেলভাবে যোগ্যতাসম্পন্ন স্বাস্থ্যকেন্দ্রগুলোতে এবং স্টেটব্যাপী অন্যান্য জায়গায় কোভিডের টিকা ব্যাপকভাবে লভ্য রয়েছে। আপনার কাছাকাছি স্থানে অ্যাপয়েন্টমেন্ট খুঁজে নিতে অথবা আপনার স্থানীয় ফার্মেসি বা সেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করতে Vaccines.gov ভিজিট করুন।

সরাসরি নিউ ইয়র্ক স্টেটের পরিচালনাধীন কোনো সাইটে অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে, নিউ ইয়র্ক স্টেটের ভ্যাকসিন শিডিউলারে যান এবং নির্দেশনা অনুসরণ করুন। উপযুক্ত ব্যক্তিদের জন্য নিউ ইয়র্ক স্টেটের গণ টিকাদান কেন্দ্রগুলোতে সরাসরি উপস্থিত হয়ে অ্যাপয়েন্টমেন্ট গ্রহণের ব্যবস্থাও রয়েছে।

###